




ঃ বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা এ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, আগামী ১৫/১০/২০২৩ খ্রিঃ, রবিবার সকাল ১১.০০ ঘটিকায় চুয়েটের কেন্দ্রীয় অডিটোরিয়ামে CUET Alumni Association এর উদ্যোগে বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্তে সকাল ১১.০০ ঘটিকা হতে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত সকল বিভাগের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ক্লাশ স্থগিত থাকবে। উক্ত সময় ব্যতীত অন্যান্য সময়ের ক্লাশ ও পরীক্ষা যথারীতি চলবে।

সকল শিক্ষক ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীদেরকে বৃত্তি প্রদান অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-



(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখ : ১২/১০/২০২৩ খ্রিঃ।

স্মারক নং- চুয়েট/একা-২/ ৫১১ (৬)

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সকল ডীন/ইনস্টিটিউট পরিচালক/বিভাগীয় প্রধান, চুয়েট (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি প্রচারের নিমিত্তে ওয়েবসাইটে আপলোড, কেন্দ্রীয় অডিটোরিয়ামে মাল্টিমিডিয়া প্রজেক্টর সেটআপ, ইন্টারনেট সংযোগ এবং অনলাইন জুম মিটিং প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৩। পরিচালক (ছাত্রকল্যাণ), চুয়েট।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, চুয়েট।
- ৫। প্রধান প্রকৌশলী, চুয়েট (সাউন্ড সিস্টেম ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতের অনুরোধ সহকারে)।
- ৬। নিরাপত্তা উপদেষ্টা, চুয়েট (বর্ণিত তারিখে অনুষ্ঠান শুরুর পূর্বে কেন্দ্রীয় অডিটোরিয়াম খোলা, পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও মঞ্চে অতিথিদের জন্য প্রয়োজনীয় আসনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৭। সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট। ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। সংরক্ষণ নথি।



(মোহাম্মদ রফিকুল ইসলাম)

ডেপুটি রেজিস্ট্রার

একাডেমিক ও ছাত্র বৃত্তি শাখা

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।